



## পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর জন্য নিম্নোক্ত পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	দপ্তর/বিভাগ	পদের নাম	সংখ্যা	বেতন স্কেল
০১	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল	হল সুপারভাইজার	০১ (এক)টি	১২৫০০-৩০২৩০/=
০২	ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগ	ল্যাব সহকারী	০২(দুই)টি	৯৭০০-২৩৪৯০/=
০৩	রসায়ন বিভাগ	ল্যাব সহকারী	০১(এক)টি	৯৭০০-২৩৪৯০/=
০৪	পরিবহন দপ্তর	ড্রাইভার	০১(এক)টি	৯৭০০-২৩৪৯০/=

### যোগ্যতা ও অভিজ্ঞতা :

#### হল সুপারভাইজার :

ক) প্রার্থীকে স্নাতক ডিগ্রী/সমমানের পরীক্ষা পাস ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি ও বাংলা টাইপিংয়ে পারদর্শী হতে হবে।

খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।

গ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

#### ল্যাব সহকারী :

ক) প্রার্থীকে এইচএসসি (বিজ্ঞান) পাশসহ কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং-এ ইংরেজি এবং বাংলা টাইপিংয়ে পারদর্শী হতে হবে।

খ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।

গ) ল্যাব সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

#### ড্রাইভার :

প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাসসহ মধ্যম বৈধ লাইসেন্সধারী হতে হবে। গাড়ী মেরামত কাজে অভিজ্ঞ এবং ভারী লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩৫ বছর।

#### আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে-কোন তফশিলী ব্যাংকের শাখার উপর উপরোক্ত পদের জন্য ২০০/= (দুইশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ০৬ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.sust.edu](http://www.sust.edu)) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না।

উপরোক্ত পদে পূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদনের প্রয়োজন নেই। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধিবিধান প্রযোজ্য হবে।

  
রেজিস্ট্রার